ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২৫
ধর্মনগর,৩ ডিসেম্বর,২০২৪

**ব্লক পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা**
**কদমতলা ব্লকে সভা**

কদমতলা ব্লকে আজ ব্লক পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিহিররঞ্জন নাথ। উপস্থিত ছিলেন ব্লকের বিডিও সঞ্জীব দেবনাথ, পঞ্চায়েত সমিতির সদস্য সদস্যা, ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধান উপপ্রধান এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বলেন, সুস্থায়ী উন্নয়নের জন্য ব্লক পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনাগুলি তৈরি করতে হবে। উন্নয়ন পরিকল্পনাগুলি তৈরি করার সময় ব্লক এলাকার প্রান্তিক জনপদ ও অন্তিম ব্যক্তিদের কথাও গুরুত্ব দিয়ে ভাবতে হবে। সভায় বিডিও আগামী অর্থবছরের ব্লক পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা তৈরি করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, কদমতলা ব্লকে ব্লক পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা তৈরিতে শিক্ষা, স্বাস্থ্য, পানীয়জল, যোগাযোগ, বিদ্যুৎ, কৃষি, সমাজকল্যাণ বিষয়গুলির উপর গুরুত্ব আরোপ করা হবে।

*****